গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট শাখা
www.rthd.gov.bd

# বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম, এ, এন, ছিদ্দিক<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৬.০১.২০১৬ খ্রিষ্টাব্দ |
| সময় | : | ৩.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (বাজেট) জানান যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০১৫-১৬ অর্থবছরের সংশোধিত বাজেট প্রস্তাব এবং ২০১৬-১৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রস্তুত করা হয়েছে। পর্যায়ক্রমে প্রস্তাবসমূহ সভায় উপস্থাপন করা হয় এবং তদানুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১। ২০১৫-১৬ অর্থবছরের বাজেট সংশোধন প্রস্তাব

### (ক) সংশোধিত রাজস্ব প্রাপ্তি প্রস্তাব:

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এবং সড়ক ও জনপথ অধিদপ্তর দ্বয়ের মূল বাজেটের অংক অপরিবর্তিত রেখে রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রস্তাব উপস্থাপন করা হয়। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, সচিবালয় হতে রাজস্ব প্রাপ্তির সুনির্দিষ্ট খাত না থাকায় ১.৪৪ কোটি টাকার বিপরীতে ৪২ লক্ষ টাকা সংশোধিত লক্ষ্যমাত্রা প্রস্তাব করা হয়েছে। সভাপতি সচিবালয় কর্তৃক ছাড়কৃত ১.০২ কোটি টাকা সংযুক্ত করে বিআরটিএ'র জন্য ১৩০০.২১ কোটি টাকা লক্ষ্যমাত্রা নির্ধারণ করার পরামর্শ প্রদান করেন।

**সিদ্ধান্ত-১:**

২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা সংশোধন করে নিম্নোক্তভাবে বিভাজনপূর্বক অনুমোদন করা হল।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা | বাজেট ২০১৫-১৬ | প্রস্তাবিত সংশোধিত বাজেট | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | সচিবালয় | ১.৪৪ | ৪২ | |
| ০২. | সওজ অধিদপ্তর | ৫৯৬,৯৯ | ৫৯৬,৯৯ | |
| ০৩. | বিআরটিএ | ১২৯৯,১৯ | ১৩০০,২১ | |
| মোট | | ১৮৯৭,৬২ | ১৮৯৭,৬২ | |

### (খ) সংশোধিত অনুন্নয়ন ব্যয়ের প্রস্তাব:

সচিবালয় অংশে ২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন খাতে মূল বাজেটে ১৩৭.০০ কোটি টাকার বিপরীতে ১২২.০০ কোটি টাকার সংশোধিত বাজেট প্রস্তাব করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন যে, বাস্তব প্রয়োজন অনুযায়ী ৬৩১১-আনুতোষিক, ৬৩৪১-পেনশনারদের চিকিৎসা সুবিধা, ৬৩০৩-পেনশনারদের মহার্ঘভাতা এবং ৪৮৯৯-অডিট ফি হতে ব্যয়ের লক্ষ্যমাত্রা হ্রাস করার প্রস্তাব করা হয়েছে। অন্যান্য খাতে প্রয়োজন অনুযায়ী ব্যয়ের লক্ষ্যমাত্রা হ্রাস-বৃদ্ধি করা হয়েছে। সভায় সচিবালয়ের ব্যয়ের সংশোধিত প্রস্তাবটি পর্যালোচনা করা হয়।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান যে, ২০১৫-১৬ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে অনুন্নয়ন খাতে ১৯২৮.১৭ কোটি টাকা বরাদ্দ আছে। সংশোধিত বাজেটে অতিরিক্ত আরও ২৩৫.৬৩ কোটি টাকার প্রয়োজন হবে। তিনি গত বর্ষা মৌসুমে অতিবৃষ্টি ও বন্যায় ক্ষতিগ্রস্ত সড়কসমূহ মেরামত ও সংস্কারের নিমিত্তে ৪৯৩৬-সড়ক, সেতু ও মহাসড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে অতিরিক্ত ২০০.০০ কোটি টাকার প্রস্তাব করে জানান যে ইতোমধ্যে এর বিপরীতে কর্মসূচী গ্রহণ করে তা বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, নেত্রকোনা, নোয়াখালী, বি-বাড়ীয়া, পাবনা ও চাঁদপুর সড়ক বিভাগসমূহে জরুরী মহাসড়ক উন্নয়ন/সেতুর এপ্রোচ রোড নির্মানের লক্ষ্যে অনুন্নয়ন খাতে ভূমি অধিগ্রহণের জন্য ১৫.০০ কোটি টাকার প্রয়োজন হবে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং) জানান যে, ৪৮৯৩-হায়ারিং চার্জ খাতে ৩২.০০ কোটি টাকার বিপরীতে ৫৬.০০ কোটি টাকার চাহিদা আছে। এতদ্ব্যতীত, বাস্তব প্রয়োজন অনুযায়ী উল্লেখযোগ্যভাবে ৪৮৫১-শ্রমিক মজুরী, ৪৮৮৬-সার্ভে, ৪৯০১-মোটরযানবাহন মেরামত, ৬৮১৩-যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় ও ৭০১৬-অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ খাতে ব্যয় বৃদ্ধি এবং ৬৮৩৫-সেতু (পিএসবি) খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা হ্রাস করার প্রস্তাব করা হয়েছে। ব্যয় বৃদ্ধির যৌক্তিকতা সভায় পর্যালোচনা করা হয়।

চেয়ারম্যান, বিআরটিএ সভায় ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে অনুন্নয়ন খাতে নির্ধারিত ১৬২.৪০ কোটি টাকার বিপরীতে ১৭১.২৫ কোটি টাকার প্রস্তাব উত্থাপন করেন। তিনি জানান যে ময়মনসিংহ ও রাঙ্গামাটিতে যথাক্রমে ড্রাইভার ট্রেনিং সেন্টার ও ভেহিক্যাল ইনস্পেকশন সেন্টার স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণের নিমিত্ত ২১.৫০ কোটি টাকার প্রয়োজন হবে। এ খাতে বর্তমানে বরাদ্দ আছে ৮.০০ কোটি টাকা বরাদ্দ আছে এবং অতিরিক্ত প্রয়োজন হবে ১৩.৫০ কোটি টাকার। তাছাড়া বিআরটিএ'তে উল্লেখযোগ্যভাবে ৪৮৩৩-প্রচার ও বিজ্ঞাপণ, ৪৮৪০-প্রশিক্ষণ ব্যয়, ৬৮১৫-কম্পিউটার যন্ত্রাংশ ক্রয় এবং ৭০০৬-অফিস ভবন নির্মাণ খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা হ্রাস করার প্রস্তাব করা হয়েছে। এছাড়া বেশীর ভাগ খাতে বাজেটের ব্যয় অপরিবর্তিত রেখে সংশোধিত প্রস্তাব পেশ করা হয়েছে।

নির্বাহী পরিচালক, ডিটিসিএ ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে অনুন্নয়ন খাতে বিদ্যমান ৯.১৮ কোটি টাকার বিপরীতে ১২.০০ কোটি টাকার সংশোধিত প্রস্তাব উপস্থাপন করেন। তিনি জানান যে, উল্লেখযোগ্যভাবে ৬৮০১-অফিস ভবন নির্মান খাতে ৩.১১ কোটি টাকার বিপরীতে ৫.৮৩ কোটি টাকার প্রস্তাব করা হয়েছে। অন্যান্য খাতসমূহে বাস্তব প্রয়োজন অনুযায়ী হ্রাস-বৃদ্ধি করে ব্যয়ের লক্ষ্যমাত্রা সংশোধন প্রস্তাব করা হয়েছে।

যুগ্মসচিব (বাজেট-৫), অর্থ বিভাগ সভায় উপস্থাপিত সড়ক ও জনপথ অধিদপ্তরের মোটরযানবাহন মেরামত ও সংরক্ষণ, যন্ত্রপাতি ও সরঞ্জাম মেরামত এবং সড়ক, সেতু ও মহাসড়ক মেরামত ও সংরক্ষণ মেরামত খাতে ব্যয় বৃদ্ধির বিষয়ে অভিমত ব্যক্ত করেন যে, অনেক ক্ষেত্রে একই মোটরযান প্রতিবছর মেরামতের ফলে সরকারের অর্থের অপচয় হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, গবেষণা, ল্যাবরেটরী খাতে সঠিক পরিকল্পনা গ্রহণপূর্বক ব্যয় বৃদ্ধি করা প্রয়োজন। সর্বোপরি, তিনি ২০১৫-১৬ অর্থবছরের বাজেটর অনুন্নয়ন ব্যয়সীমার মধ্যে সংশোধিত বাজেট দাখিলের অনুরোধ করেন।

সভাপতি এ পর্যায়ে জানান যে, বাস্তব প্রকৃত চাহিদা অনুযায়ী সংশোধিত বাজেট প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। তিনি জানান যে গত বর্ষা মৌসুমে অতিবৃষ্টি ও বন্যার ফলে চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান ও রাঙ্গামাটি সহ সারাদেশের মহাসড়ক নেটওয়ার্ক ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। তদপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সংশ্লিষ্ট খাতে অতিরিক্ত ২০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের অনুরোধ করে মাননীয় অর্থ মন্ত্রী বরাবর উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করেন। সে প্রেক্ষিতে অর্থ বিভাগ হতে বিদ্যমান বরাদ্দ ব্যবহার করে বন্যা ও পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্ত মহাসড়ক মেরামত ও সংরক্ষণ করার পরামর্শ প্রদান করা হয়। সড়ক, সেতু ও মেরামত ও সংরক্ষণ খাতে অতিরিক্ত ২০০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করে জানান যে ইতোমধ্যে এ বরাদ্দের বিপরীতে বাস্তব প্রয়োজন ও মহাসড়ক নেটওয়ার্ক নিরবচ্ছিন্ন ও নির্বিঘ্ন রাখার জন্য কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া তিনি জানান যে সড়ক ও জনপথ অধিদপ্তরের কয়েকটি সড়ক বিভাগে মহাসড়ক উন্নয়ন/সেতুর এপ্রোচ রোড নির্মাণের জন্য এবং বিআরটিএ'র ড্রাইভিং ট্রেনিং সেন্টার ও ভিআইসি নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন। এ বিষয়টি অগ্রাধিকার বিবেচনায় এই খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রয়োজন।

**সিদ্ধান্ত-২**

উপরোক্ত অনুন্নয়ন ব্যয় সংক্রান্ত প্রস্তাবসমূহ পর্যালোচনান্তে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং এ বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার অনুকূলে নিম্নোক্তভাবে সংশোধিত অনুন্নয়ন ব্যয় অনুমোদন করা হয়।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ | বাজেট ২০১৫-১৬ | সংশোধিত বাজেট ২০১৫-১৬ | জাতীয় বেতন স্কেল ২০১৫ বাস্তবায়নের জন্য অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|---|
| ০১. | সচিবালয় | ১৩৭,০০ | ১২২,০০ | ৮,৭৩ |
| ০২. | সওজ অধিদপ্তর | ১৯২৮,১৭ | ২১৬৬,৩২ | ১৭০,৬৭ |
| ০৩. | বিআরটিএ | ১৬২,৪০ | ১৭১,২৫ | ৬,৮০ |
| ০৪. | ডিটিসিএ | ৯,১৮ | ১২,০০ | - |
| ০৫. | আন্তর্জাতিক চাঁদা | ৩ | ৩ | - |
| মোট | | ২২৩৬,৭৮ | ২৪৭১,৬০ | ১৮৬,২০ |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(গ) সংশোধিত উন্নয়ন ব্যয় প্রস্তাব:

এ বিভাগের সিনিয়র সহাকারী প্রধান (কার্যক্রম ও এডিপি) জানান যে ২০১৫-১৬ অর্থবছরে এ বিভাগের অনুকূলে মোট এডিপি'র পরিমান ৫৬৭৫.০৫ কোটি টাকা এবং পরিকল্পনা কমিশন হতে এ পর্যন্ত বেশ কয়েকটি নতুন অনুমোদিত প্রকল্পের অনুকূলে ২০০.২৫ কোটি টাকা বরাদ্দ পাওয়া গেছে। আরো অতিরিক্ত বরাদ্দ প্রক্রিয়াধীন রয়েছে। সেক্ষেত্রে এ পর্যন্ত সর্বমোট এডিপি'র পরিমান ৫৮৭৫.৩০ কোটি টাকা। সড়ক ও জনপথ অধিদপ্তর হতে চলমান প্রকল্পসমূহের জন্য ৫৮৫৪.৩৫ কোটি টাকার সংশোধিত এডিপি প্রস্তাব পাওয়া গেছে। সভাপতি জানান যে সড়ক ও জনপথ অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের অগ্রগতি কাঙ্খিত পর্যায় নিয়ে যেতে ৫৮৫৪.৩৫ কোটি টাকার সংশোধন প্রস্তাবটি পর্যাপ্ত নয়। প্রকল্পসমূহে আরও অতিরিক্ত ১০০০.০০ কোটি টাকা সংযুক্ত করে সওজ অধিদপ্তরের এডিপি সংশোধনের পরামর্শ প্রদান করেন। প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬ বলেন যে এমআরটি (লাইন-৬) প্রকল্পে ৩৮৫.৬৪ কোটি টাকার বিপরীতে ৩৪০.৯৫ কোটি টাকার সংশোধিত প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটিতে ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসনের প্রয়োজন না হওয়ায় এ দুটি খাতে অর্থ ব্যয় হবেনা। তাই সংশোধিত এডিপি'তে বরাদ্দ হ্রাসের প্রস্তাব করা হয়। নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান যে, ডিটিসিএ'র অধীনে অন্যান্য প্রকল্পসমূহ (এমআরটি ব্যতীত) বাস্তব চাহিদা অনুযায়ী ৩২.৭৬ কোটি টাকার সংশোধিত প্রস্তাব করা হয়েছে। চেয়ারম্যান, বিআরটিএ জানান যে চলমান একটি প্রকল্পের জন্য চাহিদা অনুযায়ী ১৪.১৬ কোটি টাকার সংশোধিত প্রস্তাব করা হয়েছে।

সিদ্ধান্ত-৩:

উপরোক্ত উন্নয়ন ব্যয় সংক্রান্ত প্রস্তাবসমূহ পর্যালোচনান্তে তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে নিম্নোক্তভাবে সংশোধিত উন্নয়ন ব্যয় অনুমোদন করা হয়।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ | বাজেট ২০১৫-১৬ | সংশোধিত প্রস্তাব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | সড়ক ও জনপথ অধিদপ্তর | ৫২৩৫,৮৭ (সচিবালয় থোক বরাদ্দ ৩৬.৪১ কোটি টাকা ব্যতীত) | ৫৮৫৪,৩৫ | জাতীয় গুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার প্রকল্পে আরও অতিরিক্ত ১০০০.০০ কোটি টাকা সংযুক্ত করে এডিপি'র সংশোধন চূড়ান্ত করা হবে। |
| ০২. | ডিটিসিএ | ৩৮৯,৮২ (তন্মধ্যে এম আরটি-৩৮৫,৬৪) | ৩৭৩,৭১ (তন্মধ্যে এম আরটি-৩৪০,৯৫) | |
| ০৩. | বিআরটিএ | ১২,৯৫ | ১৪,১৬ | |
| | মোট | ৫৬৭৫,০৫ | ৬২৪২,২২ | |

## ২। ২০১৬-১৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রাক্কলন ও বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ এবং ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ

### (ক) মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ:

উপসচিব, (বাজেট ও অডিট) গত অর্থবছরের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলী, কৌশলগত উদ্দেশ্য ও মধ্যমেয়াদী কার্যক্রমসমূহ, বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) এবং অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র সাম্প্রতিক অর্জন, কার্যক্রম, কর্মকৃতি নির্দেশকসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ বিভাগের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-APA" স্বাক্ষরিত হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও মধ্যমেয়াদী বাজেট কাঠামো এর কনটেন্ট অভিন্ন হওয়া প্রয়োজন। এ বিষয়ে সভাপতি জানান যেহেতু বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাধানে প্রণীত হয়েছে, তাই মধ্যমেয়াদী বাজেট কাঠামো বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসরনে সংশোধিত হওয়া যুক্তিসংগত।

সিদ্ধান্ত-৪:

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বিদ্যমান মধ্যমেয়াদী বাজেট কাঠামো "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-APA" অনুসরনে সংশোধন ও হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করবে।

### (খ) ২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ২০১৬-১৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ বিভাজন:

উপসচিব (বাজেট ও অডিট) সভায় জানান যে অর্থ বিভাগ হতে এ বিভাগের জন্য ২০১৬-১৭ অর্থবছরের জন্য ২২৩৩.৫২ কোটি টাকা রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যা গত অর্থবছরের তুলনায় ১৭.৬৯% বেশী। তিনি আরও জানান যে ২০১৪-১৫ অর্থবছরের প্রকৃত আয় এবং ২০১৫-১৬ অর্থবছরের বাজেটের লক্ষ্যমাত্রা বিবেচনায় সচিবালয় ও আওতাধীন

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র মধ্যে প্রাথমিকভাবে বিভাজন করা হয়েছে। সভাপতি বলেন যে গত বছরের তুলনায় ১৭% বৃদ্ধি করে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করায় লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নাও হতে পারে। তিনি চলতি অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০% হারে বৃদ্ধি করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করার জন্য অর্থ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। এ পর্যায়ে চেয়ারম্যান, বিআরটিএ জানান যে চলতি অর্থবছরে বিশেষ অভিযানের মাধ্যমে রেজিস্ট্রেশন ও নাম্বার প্লেট সংযুক্তকরণ করার ফলে রাজস্ব আদায়ের পরিমান বৃদ্ধি পেয়েছে। কিন্তু আগামী ২০১৬-১৭ অর্থবছরে রেজিস্ট্রেশন ও নাম্বার প্লেট সংযোজন কম হবে বিধায় প্রাথমিকভাবে নিধারিত লক্ষ্যমাত্রা ১৪৮৮.০০ কোটি টাকা অর্জন করা সম্ভব হবেনা। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ২০১৬-১৭ এর জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ৭৪৪.০০ কোটি টাকা থেকে হ্রাস করে ৬০০.০০ কোটি টাকা নির্ধারণ করার জন্যে অনুরোধ করেন।

**সিদ্ধান্ত-৫:**

২০১৬-১৭ অর্থবছরের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন নিম্নোক্তভাবে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**২০১৬-১৭ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির সীমা**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থার নাম | প্রাক্কলন ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | সচিবালয় | ১,০০ | ১,০০ | ১,৫৬ | প্রক্ষেপণ ১০% বৃদ্ধি করে বরাদ্দের প্রস্তাব করা হল। |
| ০২। | সওজ অধিদপ্তর | ৭৪৪,০০ | ৮৩০,০০ | ৯২৭,০০ | |
| ০৩। | বিআরটিএ | ১৪৮৮,০০ | ১৬৫০,০০ | ১৮৫০,০০ | |
| ০৪। | ডিটিসিএ | ৫২ | ৭৫ | ১,০০ | |
| | মোট | ২২৩৩,৫২ | ২৪৮১,৭৫ | ২৭৭৯,৫৬ | |

**সিদ্ধান্ত-৬:**

চলতি ২০১৫-১৬ অর্থবছরের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার উপর ১০% বৃদ্ধি করে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের রাজস্ব ২০১৬-১৭ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হল।

## (গ) ২০১৬-১৭ অর্থবছরের অনুন্নয়ন ব্যয়সীমা ও ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের অনুন্নয়ন প্রক্ষেপণ নির্ধারণ:

উপসচিব (বাজেট ও অডিট) সভায় এ বিভাগের অনুকূলে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০১৬-১৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত ব্যয়সীমা ও বৈদেশিক সহায়তা এবং ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের ব্যয়সীমার প্রক্ষেপণ এবং প্রস্তাবিত বিভাজন (অনুন্নয়ন ও উন্নয়ন) উপস্থাপন করেন।

(অংকসমূহলক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থার নাম | প্রাক্কলন ২০১৬-২০১৭ | | বৈদেশিক সহায়তা | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ৭৬০৩,০০ | | | ৮৩৬৩,২৮ | | ৯১৯৯,৫৯ | |
| | | অনু- ২৪২০,০০ | উন্নঃ- ৫১৮৩,০০ | ১২০০,০০ | অনুঃ-২৬৮৫,২৮ | উন্নঃ- ৫৬৭৮,০০ | অনু- ২৯৪৯,০০ | উন্নঃ- ৬২৫০,৫৯ |

অতিরিক্ত সচিব (বাজেট) সভায় জানান যে, বাজেট পরিপত্র-১ এর মাধ্যমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুকূলে ২০১৬-১৭ অর্থবছরের জন্য ৭৬০৩.০০ কোটি টাকা বরাদ্দ নির্ধারণ করা হয়েছে, যা গত ২০১৫-১৬ অর্থবছরের তুলনায় ৩০৮.৮৩ কোটি টাকা কম। বরাদ্দকৃত ৭৬০৩.০০ কোটি টাকার মধ্যে অনুন্নয়ন খাতে ২৪২০.০০ কোটি টাকা ব্যয়সীমা প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের প্রকৃত ব্যয় ও চলতি অর্থবছরের বাজেট বিবেচনায় সচিবালয় এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে বরাদ্দকৃত অর্থ প্রাথমিকভাবে পুনঃবিভাজন করা হয়েছে। তিনি আরও জানান যে একই বিবেচনায় ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের ব্যয়সীমা প্রক্ষেপণ অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র মধ্যে পুনঃবিভাজন করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি ২০১৫-১৬ অর্থবছরের জন্য অনুন্নয়ন খাতে বন্টন বিষয়ে সংশ্লিষ্টদের মতামত জানতে চান।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান যে ২০১৬-১৭ অর্থবছরের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তরের অনুকূলে অনুন্নয়ন খাতে ২১০০.০০ কোটি টাকা প্রাথমিক ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে। তিনি ৪৯৩৬-মেরামত ও সংস্কার খাত ও ভূমি অধিগ্রহণসহ খাতে অতিরিক্ত ২১৮.০০ কোটি টাকার চাহিদা আছে মর্মে জানান। এছাড়া তিনি জানান যে জাতীয় বেতন স্কেল-২০১৫ বাস্তবায়নের জন্য ২০১৬-১৭ অর্থবছরে বেতন, ভাতা ও সংশ্লিষ্ট খাতে ২১৬.০০ কোটি টাকার প্রয়োজন হবে। সভাপতি, সড়ক ও সেতু মেরামত ও সংরক্ষণ (কোড-৪৯৩৬) চলতি বছরে চাহিদা ১৫৬৮.৪৫ কোটি (অতিরিক্ত ২০০ কোটি চাহিদাসহ) এর ১০% বৃদ্ধি করে ২০১৬-১৭ চাহিদা নিরূপণের পরামর্শ প্রদান করেন। নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান যে ডিটিসিএ'র ভবন নির্মাণ কাজ চলমান আছে বিধায় ২০১৬-১৭ অর্থবছরের জন্য ডিটিসিএ'র জন্য প্রাথমিকভাবে নির্ধারিত ২০.০০ কোটি টাকার বাজেটে সংকুলান হবেনা। তিনি ডিটিসিএ'র অনুকূলে আরও ১০.০০ কোটি টাকা বরাদ্দ বৃদ্ধির অনুরোধ করেন। চেয়ারম্যান, বিআরটিএ জানান যে ২০১৬-১৭ অর্থবছরের জন্য বিআরটিএ'র অনুকূলে ১৭০.০০ কোটি টাকা প্রাথমিক বরাদ্দ নির্ধারণ করা হয়েছে। জাতীয় বেতন স্কেল-২০১৫ বাস্তবায়নের জন্য বিআরটিএ অতিরিক্ত ৯.৩০ কোটি টাকার প্রয়োজন হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ বাস্তবায়নের জন্য সচিবালয়ের জন্য নির্ধারিত ১৪০.০০ কোটি টাকার অতিরিক্ত ১০.০০ কোটি টাকার প্রয়োজন হবে।

যুগ্মসচিব (বাজেট-৫), অর্থ বিভাগ সভায় জানান যে, ২০১৬-১৭ অর্থবছরে বাজেটে জাতীয় বেতন স্কেল, ২০১৫ বাস্তবায়নের জন্য বেতন, ভাতা ও সংশ্লিষ্ট অন্যান্য খাতে আলাদা চাহিদা প্রেরণ করতে হবে এবং অর্থ বিভাগ তার বিপরীতে বরাদ্দ প্রদান নিশ্চিত করবে।

সিদ্ধান্ত-৭:

২০১৫-১৬ অর্থবছরের অনুন্নয়ন ব্যয় প্রাক্কলন (নির্ধারিত সীমার মধ্যে) ও প্রস্তাবিত এবং ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের অনুন্নয়ন ব্যয়ের প্রক্ষেপণ (নির্ধারিত সীমার মধ্যে) নিম্নোক্তভাবে সচিবালয় ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে বিভাজন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থার নাম | প্রাক্কলন ২০১৬-২০১৭ | প্রস্তাবিত ২০১৬-২০১৭ ( নতুন বেতন স্কেলের জন্য চাহিদা ব্যতীত) | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|
| ০১। | সচিবালয় | ১৩৯,৯৭ | ১৩৯,৯৭ | ১৭৫,২৫ | ২১৮,৯৭ |
| ০২। | সওজ অধিদপ্তর | ২১০০,০০ | ২৩১৮,০০ | ২৩০০,০০ | ২৫০০,০০ |
| ০৩। | বিআরটিএ | ১৭০,০০ | ১৭০,০০ | ১৯০,০০ | ২০০,০০ |
| ০৪। | ডিটিসিএ | ১০,০০ | ৩০,০০ | ২০,০০ | ৩০,০০ |
| ০৫। | আন্তর্জাতিক চাঁদা | ৩ | ৩ | ৩ | ৩ |
| | মোট | ২৪২০,০০ | ২৬৫৮,০০ | ২৬৮৫২৮ | ২৯৪৯,০০ |

সিদ্ধান্ত-৮:

২০১৬-১৭ অর্থবছরের জন্য অনুন্নয়ন বাজেটের বিভিন্ন খাতে অতিরিক্ত চাহিদা (জাতীয় বেতন স্কেল, ২০১৫ বাস্তবায়নের চাহিদা ব্যতীত) পূরণের জন্য অর্থ বিভাগে উপানুষ্ঠানিক পত্র (অনুন্নয়ন ও উন্নয়নের জন্য একই সাথে) প্রেরণ করা হবে ।

### (ঘ) ২০১৬-১৭ অর্থবছরের উন্নয়ন ব্যয়সীমা ও ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের উন্নয়ন প্রক্ষেপণ নির্ধারণ:

অতিরিক্ত সচিব (বাজেট) সভায় জানান যে বাজেট পরিপত্র-১ এর নির্ধারিত ব্যয়সীমার মধ্যে ২০১৬-১৭ অর্থবছরের জন্য উন্নয়ন খাতে ৫১৮৩.০০ লক্ষ টাকা ব্যয়সীমা প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়েছে। অগ্রাধিকার ও চাহিদা অনুযায়ী অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র অনুকূলে তা পুনঃবিভাজন করা হয়েছে।

প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর জানান ২০১৬-১৭ অর্থবছরের জন্য চলমান প্রকল্পসমূহের অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে নিয়ে যেত ৭০৭৪.০০ কোটি টাকার প্রয়োজন হবে। এছাড়া, আগামী ২০১৬-১৭ অর্থবছরে জনগুরুত্বপূর্ণ তিনটি (SASEC-2, Cross Border ও ঢাকা-মাওয়া-ভাঙ্গা সড়ক ৪-লেনে উন্নীতকরণ) প্রকল্প বাস্তাবায়নের কাজ শুরু হবে। এ সমস্ত প্রকল্পসমূহের জন্য ন্যূনতম আরও ১০০০.০০ কোটি টাকার প্রয়োজন হবে। সেক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য ২০১৬-১৭ অর্থবছরের উন্নয়ন খাতে ন্যূনতম ৮০৭৪.০০ কোটি টাকার প্রয়োজন হবে। কিন্তু বিদ্যমান ব্যয়সীমায় মাত্র ৪২৮০.০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

প্রকল্প পরিচালক, এমআরটি লাইন-৬ জানান যে ২০১৬-১৭ অর্থবছরের মেট্রোরেল নির্মাণের কাজ পুরো মাত্রায় চলামন থাকবে বিধায় এ প্রকল্পের জন্য ২১৪২.০০ কোটি টাকার প্রয়োজন হবে। কিন্তু প্রকল্পের জন্য মাত্র ৮৬৫.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। মেট্রোরেল নির্মান সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার প্রকল্প বিধায় এ প্রকল্পের জন্য আরও ১২৭৭.০০ কোটি টাকা বরাদ্দ করা প্রয়োজন। নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান যে ২০১৬-১৭ অর্থবছরে মেট্রোরেল ব্যতীত ও ডিটিসিএ'র অধীনে আরও ৩টি প্রকল্প চলমান থাকবে। ২০১৬-১৭ অর্থবছরের জন্য এ সমস্ত প্রকল্পের জন্য অতিরিক্ত ৪০.০০ কোটি টাকার চাহিদা রয়েছে।

পরিচালক (অর্থ), বিআরটিসি জানান ৬০০টি বাস ও ৫০০টি ট্রাক এল ও সি (LOC-2) এর মাধ্যমে ক্রয়ের জন্য ৮০০.০০ কোটি টাকার প্রস্তাব ইআরডি'তে প্রেরণ করা হয়, যা প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরে বাস ও ট্রাক ক্রয় খাতে ৪০০.০০ কোটি টাকা বাজেট বরাদ্দ রাখার জন্য তিনি অনুরোধ করেন।

উপসচিব (বাজেট ও অডিট) বলেন যে ২০১৬-১৭ অর্থবছরে বাস্তবতার নিরিখে উন্নয়ন খাতে সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য ৮০৭৪.০০ কোটি এমআরটি প্রকল্পের ২১৪২.০০ কোটি ডিটিসিএ'র অন্যান্য প্রকল্পের ৪০.০০ কোটি, বিআরটিএ'র জন্য ৬.০০ কোটি বিআরটিসি'র বাস ও ট্রাক ক্রয়ের জন্য ৪০০.০০ কোটি টাকা সর্বমোট ১০,৬৬২.০০ কোটি টাকার চাহিদা রয়েছে।

সভাপতি ২০১৬-১৭ অর্থবছরের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অনুকূলে যে বরাদ্দ (৭৬০৩.০০ কোটি টাকা) প্রদান করা হয়েছে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল বলে অভিমত ব্যক্ত করেন। তিনি জানান ইতিপূর্বে ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে এ বিভাগের জন্য ১২০০০.০০ কোটি টাকা বরাদ্দ নির্ধারণ করার জন্য অর্থ বিভাগ বরাবর উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে ৮৫০০.০০ কোটি টাকা উন্নয়ন ব্যয়ের প্রস্তাব করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের উপরে উল্লিখিত তিনটি মেগা প্রকল্পের ব্যয় উক্ত প্রস্তাবে অন্তর্ভূক্ত করা হয়নি। বর্তমানে উক্ত ব্যয় অন্তর্ভূক্তির ফলে প্রকৃত চাহিদা আরও বৃদ্ধি পেয়েছে। তিনি ২০১৬-১৭ অর্থবছরের এ বিভাগের জন্য উন্নয়ন খাতে চাহিদামাফিক ১০৬৫৬.০০ কোটি টাকাসহ সর্বমোট ১৪০০০.০০ কোটি টাকার বাজেট নির্ধারণ করার জন্য পরামর্শ প্রদান করেন।

## সিদ্ধান্ত-৯:

২০১৬-১৭ অর্থবছরের জন্য উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এবং ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরের প্রক্ষেপণ (নির্ধারিত সীমার মধ্যে) নিম্নোক্তভাবে বিভাজন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়

(অংকসমুহ লক্ষ টাকায়)

| ক্রম | অধিদপ্তর/কর্তৃপক্ষ/ সংস্থার নাম | প্রাক্কলন ২০১৬-২০১৭ | | | প্রস্তাবিত ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ | প্রক্ষেপন ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএ | | | |
| ০১. | সওজ অধিদপ্তর | ৪২৮০.০০ | ৩৫০০,০০ | ৭৮০,০০ | ৮০৭৪,০০ | ৪৭৪১,০০ | ৫২৫৯,০০ |
| ০২. | বিআরটিএ | ৬.০০ | ১০০ | ৫০০ | ৬,০০ | ২০,০০ | ৩০,০০ |
| ০৩. | ডিটিসিএ | ৮৯৭.০০ | ৪৮২,০০ | ৪১৫,০০ | ২১৮২,০০ | ৯১৭,০০ | ৯৬১,৫৯ |
| ০৪. | বিআরটিসি | ০ | ০ | ০ | ৪০০,০০ | ০ | ০ |
| | মোট | ৫১৮৩.০০ | ৩৯৮৩,০০ | ১২০০,০০ | ১০,৬৬২.০০ | ৫৬৭৮,০০ | ৬২৫০,৫৯ |

## সিদ্ধান্ত-১০:

২০১৬-১৭ অর্থবছরের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উন্নয়ন খাতে বরাদ্দ ১০৬৫৬.০০ কোটি টাকা নির্ধারণসহ এ বিভাগের বাজেট ১৪০০০.০০ কোটি টাকা পুনঃনির্ধারণের জন্য অর্থ বিভাগে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করা হবে।

আলোচ্যসূচীতে আর কোন বিষয় অন্তর্ভূক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
১১/০১/২০১৬
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০৪৭.২০.০০৮.১৫-০৭

তারিখঃ ১১ জানুয়ারি ২০১৬ খ্রিঃ
২৪ পৌষ ১৪২২ বঙ্গাঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। সচিব, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা
০২। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
০৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব/ অতিরিক্ত সচিব(বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
০৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
০৮। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
০৯। প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রান্সজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
১০। যুগ্মসচিব (উন্নয়ন/প্রশাসন)/যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১১। যুগ্মসচিব (বাজেট-৫), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১২। উপসচিব, বাজেট শাখা-১৬ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১৩। উপসচিব (বাজেট/রক্ষণাবেক্ষণ), সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৪। সিনিয়র সহকারী প্রধান (কার্যক্রম ও এডিপি), সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

১১/০১/২০১৬
(অপূর্ব কুমার মন্ডল)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৫৩২৩
ই-মেইল: sasbudget@rthd.gov.bd

অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রণালয়
০২। অফিস কপি।

D:\badget new letter\BMC সভার কার্যবিবরণী.doc